
শ্রীশ্রী ধনঞ্জয় গোপাল চরিত
শ্রীশ্রী শ্যামচন্দ্রোদয়



প্রকাশক ঃ- শ্রী কিশোরী দাস বাবাজী



॥ গ্রীপ্রীকৃষ্ণচৈততা শরনম্॥

## सीसीयवस्य (नानान एतिए

3

## भीसी गाम हत्सा प्रा

(দ্বাদশ গোপালের অন্ততম শ্রীধনঞ্জয় গোপাল ও প্রীস্থলরানল গোপালের শিষ্য শ্রীপাত্মা গোপালের মহিমা সম্বলিত )

ঃ দিতীব সংস্কৰণ ::

প্রাক্তিশারী দাস বাবাজী

কর্ত্ত সম্পাদিত ও প্রকাশিত

## सीसीनिण है (जीवान जुक्याम

জগদ্পুরু প্রীপাদ ঈশ্বরপুরীর প্রীপটি। প্রীচৈতগ্রডোবা ॥। পো: হালিসছর উত্তর ২৪ পরগণা ॥। পশ্চিমবঙ্গ কোন২৫৮৫-৩৭৭৫

### প্রকাশক-

শ্রীকিশোরী দাস বাবাজী শ্রীচৈতক্ম ডোবা পোঃহালিসহর উত্তর ২৪ পরগণা। সম্পাদক কর্তৃক সর্বসত্ব সংরক্ষিত দ্বিতীয় সংস্করনঃ ১৪১৬ বঙ্গান।

## ः आशियाव ः

- ১। জ্রীকিশোরী দাস বাবাজী

  জ্রীচৈতক্যডোবা পোঃ হালিসহর
  উত্তর ২৪ পরগণা

  পশ্চিমবঙ্গ ফোন—২৫৮৫-৽৭৭৫
- শ্রীনবকৃষ্ণ দাস ( নূপেন সাধু )
   শ্রীগুরুবলরাম আশ্রম ॥॥ গোপালপুর পো:—নয়াবাজার ॥॥ পানা—গলারামপুর দক্ষিন দিনাজপুর। ফোন—৯৪৭৪৪০৮০২০
- এীগ্রামস্থলরানন্দ দেব গোস্বামী
   শ্রীমন্মহাপ্রভুমন্দির নরপোতা পোঃতমলুক পিন৭২১৬৩৬ পূর্ব মেদিনীপুর
- ৪। মহান্ত শ্রীনিবাস দাস মহারাজ সিদ্ধবক্ল মঠ বালিসাহি।
   পুরী৭৫২০০১ উড়িয়া।
- প্রীপদ্ধণ দাস বাবাজী
   রাধানগর কলোনী, পো:- রাধাকৃত,
   জেলা—মথুরা, উ: প্রাদেশ

## **छिका- अँ** हिम है। का ।

মুদ্রাকর: শ্রীশ্রীপ্রাণকৃষ্ণ ভক্তি প্রেস ॥ শ্রীচৈতক্ত ডোবা ॥ হালিসহর

## श्रकामत्कत वित्वस्व

কলিযুগ পাবন দ্রীশ্রীনিভাই গৌরাঙ্গ শুন্দরের অহৈতৃকী করুণায় তৎ পার্যদ মহিমা বর্ণনমূলক গ্রন্থ শ্রীধনপ্রয় গোপাল চরিত ও শ্রীশ্যাম চন্দ্রোদয় নামক গ্রন্থখানি প্রকাশিত হইল। শ্রীশ্রীনিভাই গৌরাঙ্গ দেব সর্বব অবভারের পার্যদ সমভিব্যবহারে ধরাধামে অবতীর্ণ হইয়া নামে প্রেমে শ্রিভ্রম ধন্য করিলেন। বিশেষতঃ ব্রদ্ধ পরিকরগন গৌর পরিকর রূপে প্রকট হইয়া পূর্ববভাবানুরূপ ভাবের উদ্দিপনে গৌরলীলায় বিচরণ করিয়াছেন।

ভথাহি—গ্রীগোরগণোদেশ দীপিকা—১৪ প্লোক: এষাং পার্ষদবর্গা যে মহাস্তঃ পরিকীর্ত্তিভা:। নিজ্যানন্দগনাঃ সর্ব্বে গোপালা গোপবেশিনঃ। এষাং সম্বন্ধ সম্পর্কাতৃপগোপাল সন্তমাঃ।

ব্রজের স্থাবৃন্দ নিত্যানন্দ পার্ষদ হইয়া পুর্ব্বের গোপাল উদ্দিশনে লীলায় বিহার করিয়াছেন।

ভথাহি — শ্রীচৈতন্ম ভাগবতে অন্তে ৫ম অধ্যায়
"নিত্যানন্দ অরপের পারিষদগন।
নিরবধি সবেই পরমানন্দ মন॥
কারো কোন কর্ম নাই সংকীর্ত্তন বিনে।
সবার গোপাল ভাব বাড়ে ক্ষণে ক্ষণে।
বৈত্র বংশী শিক্ষা ছাঁদ দড়ি গুলাহার।
ভাড় থাড়ু হাতে, পায়ে নুপুর সবার॥
নিরবধি সবার শরীরে কৃষ্ণভাব।
অশ্রুকম্প পুলক যতেক অনুরাগ॥
সবার সৌন্দর্য্য যেন অভিন্ন মদন।
নিরবধি সবেই করেন সংকীর্ত্তণ।"

প্রজের বস্থদাস সথাই শ্রীধনঞ্জয় পৃতিতর্মপে প্রকট হুইয়াছেন। শ্রীধনঞ্জয় গোপালের মহিমা বর্ণনই আলোচ্য গ্রন্থের প্রতিপান্ত বিষয়। এই সকল ব্রজের গোপালগন গৌরলীলা সহায়ের জন্য গৌড়দেশে অবতীর্ণ হুইয়াছেন। তাঁহাদের সম্পর্কে কবি কর্ণপুর গৌরগনোন্দেশ দীপিকা গ্রন্থে বলিয়াছেন।

তথাহি—১২৬-১৩৬ শ্লোকঃ পুরা জীদামনামসীদভিরামোহধুনা মহান। দাজিংশতি জনৈরেব বাহাং কার্ছমুবাহ যঃ॥ পুরা স্থদাম নামাসীদস্য ঠাকুর স্থনর:। বস্থাম স্থায়শ্চ পণ্ডিতঃ জ্রীধনপ্রয়:। হবলো यः প্রিয় শ্রেষ্ঠ: স গৌরীদাস পণ্ডিত:। ক্মলাকর পিপ্পলাই নামাসীদেবা মহাবল ॥ স্বাহ্যো ব্ৰচ্ছে গোপো দত্ত উদ্ধারনাখ্যক:। মহেশ পণ্ডিত শ্রীমন্মহার্বাহুর জে সথঃ॥ স্তোককৃষ্ণং স্থা প্রাগু বো দাস পুরুষোত্তমঃ। সদাশিব স্থতো নামা নাগর: পুরুষোত্তম:॥ বৈভাৰংশোন্তবা দামা যো বল্লবো ব্ৰজে। नाम्नार्ष्क्नः मथा व्याजरमा नामः जीलतरमयतः॥ কালা জীকুফদাসঃ স যো লবন্দ স্থা ত্রজে। খোলাবেচা ভয়া খ্যাতঃ পণ্ডিতঃ শ্রীধর দ্বিদ্ধ:॥ আসীদ ব্রজে হাস্যকারী যো নামা কুসুমাসবঃ।

অভিরাম শ্রীদাম, স্থনরানন্দ ঠাকুর স্থদাস, ধনঞ্জয় পণ্ডিত বস্থদাম, গৌরীদাস পণ্ডিত স্থবল, কমলাকর পিপ্পালাই মহাবল, উদ্ধারণ দত্ত স্থবাত্ত, মহেশ পণ্ডিত মহাবাত্ত, পুরুষোত্তম দাস স্তোককৃষ্ণ, নাগর পুরুষোত্তম দাম, পরমেশ্বর দাস অর্জ্জন, কালা কৃষ্ণদাস লবন্দ ও শ্রীধর পণ্ডিত কৃত্যমাসব এইভাবে ব্রঞ্জের ঘাদশ গোপাল এই ঘাদশ নামে অবতীর্ণ হইলেন। জালোচ্য গ্রন্থে ধনপ্রয় গোপালের মহিমা বর্ণনই মুখ্য উদ্দেশ্য। তংসক্ষে

ফুলরানন্দ গোপালের শিশু পাতুয়া গোপালের মহিমামূলক শ্রীশ্যাম-চল্মোদয় গ্রন্থানি প্রকাশিত হইল।

ধনজয় গোপালের মহিমামূলক তথ্য সংগ্রহে পুরুলিয়া বেগুনকোদর বাসী ধনপ্তয় গোপাল বংশীয় এপ্রিপুল্ল কমল গোস্বামী ধনপ্রয় গোপালের जारेक ७ पृष्ठकानि व्यनान कतिया जर<sup>4</sup>य करुना व्यनर्नन कतियाहिन। তাঁহার প্রদত্ত তথ্যাদি পরিবেশন করিয়া ধনঞ্জয় গোপালের মহিমা প্রচারে ব্রতী হইলাম। ইতিপূর্বে ১০৮০ সালে মং প্রণীত জ্রীপাদ ঈশ্বরপুরী পত্মিকার ২য় বর্ষ ১ম সংখ্যায় প্রকাশিত হইয়াছিল। অধুনা গ্রন্থাকারে প্রকাশিত হইল। এতৎসঙ্গে শ্রীস্থলরানন্দ গোপালের শিশ্ব শ্রীপানুয়া গোপালের বংশধর গ্রীজগদানন্দ পণ্ডিত বিরচিত শ্রীশ্যাম চন্দ্রোদয় গ্রন্থ খানি প্রকাশ করিয়া ফুন্দরানন্দ গোপালসহ তৎ শিশু জ্রীপানুয়া গোপালের প্রেমানুরাগের বৈচিত্র প্রকাশে সচেষ্ট হইলাম। সুধী ভক্তবৃন্দ আমার জ্ঞানাজ্ঞানকৃত সর্ববিধ ত্রুটি মাজ্জ্বা করিয়া নিত্যানন্দ পার্ষদ গুন মহিমা আস্বাদনে ধন্ত হউন। গৌরপ্রেমের অমিয় শরশে মানব জীবন ধন্ত করুন। জয় নিতাই জয় গৌর হুন্দর। निद्यमक-

ঞ্জীঞ্জীপ্রাণকৃষ্ণ ভক্তি মন্দির শ্রীগুরু বৈষ্ণব কুপাভিলাষী জগদগুরু গ্রীপাদ ঈশ্বরপুবীর শ্রীপাট। জ্ঞীচৈতত্যভোষা ॥ পোঃ— হালিসহর। উত্তর ২৪ পরগণা।

मीन किलाबो मात्र

দ্বিভীয় সংস্করণের নিবেদন

ঞ্জীশ্রীধনপ্তয় গোপাল চরিত ও ঞ্জীশ্রীখামচক্রোদয় গ্রন্থথানি দীর্ঘদিন অপ্রকাশিত ছিল। ভক্তগনের অনুরোধে পুনঃমুদ্রণ ঘটিল। প্রথম সংস্করনের পরিবর্দ্ধিত ও পরিমাজিত ভাবে বিতীয় সংস্করণটি প্রকাশিত ছইল।

১৪১৬ বঙ্গাব্দ জ্ঞজগনাথ দেবের শ্ৰীক্ষান বাজা

निरवनक-ঐতিক বৈষ্ণব কৃপাভিলাৰী কিশোরী দাস।

## सीसीयवस्य (जाजात्वत्र कीवव एतिए—

শ্রীধান বৃন্দাবনে ব্রজরাজ নন্দন মুরলী মনোহর শ্রীকৃষ্ণের দ্বাদশ স্থার মধ্যে বস্ত্দান একজন। সেই বস্ত্দানই শ্রীগোরাজ লীলায় শ্রীধনপ্তয় গোপাল নামে আবিভূতি হন। শ্রীপাদ রূপ গোস্বামীর বিরচিত লঘু শ্রীশ্রীরাধাকৃষ্ণ গনোন্দেশ দীপিকা এন্থের বর্ণনে ব্রজলীলায় বস্তদানের পিতা স্থদক্ষিন, মাতা ভদ্রা ও কনিষ্ঠ ভ্রাতা অজ্জুন স্থা বলিয়া বর্ণন করিয়াছেন।

তণাহি— প্রীকোর গনোদ্দেশ দীপিকা—
বস্থদাম সথায়শ্চ পণ্ডিত প্রীধনপ্রয়।
তথাহি— শ্রীজনন্ত সংহিতা—
বস্থদেব প্রিয় সথং প্রীধনপ্রয় পণ্ডিতঃ।
তথাহি— শ্রীচেতন্য গনোদ্দেশ (কৃঞ্চদাস কবিরাজ)
বস্থদাম নাম হবে পণ্ডিত ধনপ্রয়।
তথাহি— শ্রীপাট পর্যটনে—
ভাড্গ্রামে জন্মভূমি জলুন্দীভে বাস।
বস্থদাম ধনপ্রয় জানিবা নির্যাস॥
তথাহি— শ্রীপাট নির্ণয়ে—
সাঁচড়া পাঁচড়া করন্দা শীতল গ্রাম।
ধনপ্রয় পণ্ডিতের সেবা অনেক বিধান।

তথাহি— বৈষ্ণর বন্দনায়—
পণ্ডিত শ্রীধনঞ্জয় করিল বন্দনা।
প্রাসিদ্ধ বৈরাগ্য যার সংসারে ঘোষণা।
লক্ষকের গারিস্ত যে প্রভুর পায় দিয়া।
ভাশু হাতে করি গোলা কৌপীন পরিয়া।

শ্রীধনপ্রর পঞ্জিত চট্টগ্রাম জেলায় জাড়গ্রামে আবিভূতি হন। পিতা শ্রীপতি বন্দ্যোপাধ্যায় মাতা কালিন্দী দেবী। ১৪০৬ শকান্দে চৈত্র শুক্র। পঞ্চমী তিথিতে তিনি আবিভূতি হন।

শীধনপ্তায় গোপাল সূচকে --

আরে মোর পণ্ডিত ধনপ্পর।

ত্রীপতি বিপ্রের সৃত কালিন্দীর গর্ভছাত
ভাড়গ্রামে হইলা উদয়॥

অল্ল বয়স হইতে কৃষ্ণভক্তগন সাথে
থাকে কৃষ্ণকথা আলাপনে।

অতুল ধনের পতি, পিতা তাঁর স্নেতে অতি
পুত্রধনে করয়ে পালন॥

সুন্দরী ত্রীহরিপ্রিয়া নানা অলম্কার দিয়া,
পুত্রে আনি করি সমর্পন।

বিবিধ বিলাস জব্য অগ্রেতে ধরয়ে নিত্য,
ক্রিরাইতে ভনয়ের মন॥

পিতা মাতা অদর্শনে, প্রথল বৈরাগ্য মনে,
থন সম্পদ সব তেয়াগিলা।

ত্রীগোরাক্স ত্রীচরণে করি আত্ম সমর্পনে
প্রেমভাও গ্রহন করিলা॥

পিতা ঞ্জিপতি বন্দ্যোপাধ্যায় বিশাল ধনশালী ছিলেন। পুত্রের বিষয় বৈরাগ্য উপলব্ধি করিয়া ঞ্জীহরিপ্রিরা নামে এক ফুন্দরী কন্সার সহিত বিবাহ দিয়া প্রবল বিলাসবাসনের মধ্য দিয়া চালিত করিতে লাগিলেন। ধনপ্রয় পিতার মনতৃষ্টির ছন্ত বিলাসে মগ্র থাকিলেও অস্তরে ঞ্জীকৃষ্ণভক্তি যাজন করিতে লাগিলেন। পিতামাতা অন্তর্ধানের পর সর্ব্বস্থ ত্যাগ করতঃ নবদ্বীপে জাগমন করিলেন। তাই দেবকীনন্দন দাস বৈক্ষব বন্দনার গাহিরাছেন—

#### বিলাসী বৈরাগী বন্দ্যো পণ্ডিত ধনঞ্জয়। সর্বস্ব প্রভূরে দিয়া ভাগু হস্তে লয়।

শ্রীমন্মহাপ্রভুর নবদীপে নামপ্রেম প্রচার লীলাকাহিনী প্রবনে আকৃষ্ট হইয়া নবদীপে আগমন করতঃ শ্রীশ্রীনিতাই গৌরাঙ্গদেবের সহিত মিলিত হইলেন। গৌরাঙ্গদেব সন্মাস গ্রহন করিয়া নিলাজী গমন করিলে ধনপ্রয় নিলাজি গমন করিলে ধনপ্রয় নিলাজি গমন করিলে। প্রভু নিত্যানন্দ গৌরাঙ্গের আদেশে গৌড়দেশে প্রেম প্রচারকার্য্যে আগমনকালে দ্বাদশগোপাল সঙ্গে ধনপ্রয় গৌড়দেশে আগমন করিলেন।

#### তথাছি- পদং-

গৌরাঙ্গ আদেশ পায়া, নিভাই বিদায় হয়া, আইলেন গৌডমগুলে। গৌরীদাস অভিরাম, ধনজয় গুনধাম কীর্ত্তন বিহার কুতৃহলে॥ রামাই স্থন্দরানন্দ বস্তু আদি ভক্তবুন্দ সভত কীর্ত্তন রসে ভোলা। পানিহাটী গ্রামে আসি গঙ্গাতীরে পরকাশি রাঘৰ পণ্ডিতসহ মেলা॥ সকল পার্যদ লয়া গৌরপ্রেমে মত হয়া ্বিচরয়ে নিত্যানন্দ রায়। পতিত তুৰ্গত দেখি হইয়া করুণ আঁখি প্রেম রত্ন জগতে বিলায়॥ ছরিনাম চিন্তামনি দিয়া জীবে কৈলা ধনি পাপ তাপ ছঃখ দুরে গেল। পড়িয়া বিষম ফাঁদে না ভজি নিতাই চাঁদে প্রেমদাস বঞ্জিত হইল।

প্রভূ নিত্যানন্দ পানিহাটী গ্রামে গঙ্গাতীরে বটবক্ষমূলে প্রীক্ষ রঘুনাথ দাস গোস্বামীকে কুপা উপলক্ষ্যে ব্রঞ্জেরপুলীন ভোচ্চনলীলা অনুক্রমে চিড়াদ্ধি মহোৎসবলীলা অনুষ্ঠান করেন। সে সময় ধনগুর প্রভূ নিত্যানন্দের সমীপে বিরাজ করিয়া লীলারস আস্থাদন করিয়াছেন।

তথাহি— শ্রীচৈঃ চঃ অন্তঃখণ্ডে ৬র্চ পরি: —
রামদাস স্থানকা নাম দাস গদাধর।

ম্রারি কমলাকর সদাশির পুরশার॥

ধনপ্তয় জগদীশ পরমেশ্বর দাস।

মহেশ গৌরীদাস আর হোড় কৃষ্ণদাস॥

উদ্ধারন দত্ত আদি যত আর নিজ্ঞনা

উপরে বসিলা সব কে করে গণন॥

এই দণ্ড মহোৎসব লীলাকালে প্রভূ নিত্যানন্দ নিজ গলদেশস্থিত শিলা মূর্ত্তিটি শ্রীধনপ্রয় গোপালকে প্রদান করেন। এবং প্রেম প্রচারের আদেশ করেন।

> তথাছি শ্রীরাধাবিনোদ সেবা প্রকাশে শ্র প্রভূ নিত্যানন্দ শিলা নুরসিংহ দেবে। ধনঞ্জয়ে সমর্ণিলা দণ্ড মহোৎসবে।

প্রভূদত্ত শিলামূর্তি বক্ষে ধারন করিয়া ধনগুয় প্রভূর আজ্ঞা পালনের জন্ম প্রেম প্রচার কার্য্যে ব্রভী হইলেন।

ভথাহি— শ্রীধনশ্বর গোপাল স্কৃতকে—
পাই নিজ্যানন্দ রাম, ধনপ্তর গুনধাম,
প্রেমাবেশে নিমগ্র সদাই।
ভাজা হৈলা ভার প্রতি, ভাসাইতে রাচুকিভি,
সংকীর্ভন প্রেমের বহাায়।

শ্রীউপ ক্ষত্রিয়গনে, প্রেম দিলা স্বষ্ট মনে,
বর্জমান শীতল গ্রামেতে।
শ্রীগোরাঙ্গ গোপীনাথ, সেবা স্থাপিত অচিরাৎ,
আকর্ষিল সর্বজন-চিতে
সাঁচড়া পাঁচড়া গ্রামে, উদ্ধারিতে জীবগনে,
প্রেমে মাতি বুলে সব ঠাই।
বন্দাবন আদি তীর্থ, ভ্রমিয়া আনন্দে কত,
বাসকৈলা শ্রীজলুন্দী গাঁয় ॥
বহুটিভন্য পুত্রধনে, সন্ত্র দিয়া করি ধঞ্জে,
নিত্যানন্দ দত্ত শালগ্রাম।
সেবা সমর্পন করি, রাধাবিনোদ সেবহ বলি,
স্ব ইচ্ছায় হৈলা অন্তর্জান॥

প্রত্ব নিজ্যানন্দের আদেশে রাচ্দেশে প্রেম প্রচার কালে প্রীউগ্র ক্ষজির কানকে প্রেমদান করিয়া বর্দ্ধমানের শীতল গ্রামে প্রীগোরাক্ষ গোপীনাথ সেবা ও ভাওসেবা স্থাপন করেন। সাঁচড়া পাঁচড়াদি স্থানে প্রেম প্রচার করিয়া জলুন্দীতে প্রীরাধাবিনোদ ও প্রভু নিত্যানন্দ প্রদত্ত প্রীর্সিংহ শাল গ্রাম সেবা স্থাপন করেন। এই সেবা নিজ পু্রা যতুচৈতক্তকে মন্ত্র দীক্ষা দিয়া প্রদান করেন।

তথাহি - জ্রীজ্রীরাধাবিনোদ সেবা প্রকাশে-

একদিন ধনঞ্জয় জানন্দিত মনে।

শী্থত্টিততা কহেন মধুর বচনে।
তান বাপ ষত্ চৈততা বাছাধন।
তানারে প্রভুর সেবা দিতে মোর মন।
মন্ত্র দিয়া ধনঞ্জয় সেবা সমর্পিলা।
মন্ত্র সেবা পাইয়া যত্ত্বতার্থ মানিলা।

এই ভাবে প্রভুর জাদেশে জীবোদ্ধার করিয়া পুজের হস্তে সেবা অর্পন করতঃ নিজানন্দ অন্তর্ধানে বিরহায়িত ধনঞ্জয় শ্রীধাম বৃন্দাবনে গমনকরিয়া লীলা অবসান করেন। বৃন্দাবনে চৌষট্টি মহান্ত সমাধি মন্দিরে তাঁহার সমাধি বিদ্যমান।


# বীরচক্ত কর্তৃক যদুচৈতব্যে বায়রক্ষ প্রদার প্রপ্র প্রভ্র বীর চক্র ধনগ্গর গোপালের পুরে যত্চৈতক্ত ঠাকুরকে নাম প্রেম প্রচারের জন্য একটি নামব্রক্ষ শীলালিপি প্রদান করেন।

প্রী**জনুন্দী** পাটের প্রাচীন পুঁ বি হইতে সংগৃহীত।

ধনপ্তার হত ঠাকুর যতুচৈতক্ত। নাম প্রেম দানে যিনি সর্ব্ব অগ্রগন্য। কাঁদরা গ্রামেতে আইলা প্রভূ বীরচন্দ্র। শুনি দরশনে গেলা শ্রীবছ্চৈতক্ত ॥ মকল ঠাকুর আদি কবি জ্ঞানদাস। ষতুরে পাইয়া স্বার প্রম উল্লাস। প্রভূ বীরচন্দ্র যতুরে করি আলিঙ্গন। 'এস এস' বলি কহে মধুর ৰচন। রাচুদেশে উগ্র ক্ষজিয়গনের নিবাস। নাম প্রেম দিয়া কর ভক্তির প্রকাশ ॥ এছ বলি খুলিলেন সম্পূট আপনি। भौगांगिति नामजन्म निया. जग्नस्वनि ॥ हरत कुक हरत कुक कुक कुक हरत हरत। হরে রাম হরে রাম রাম রাম হরে হরে ॥ ধর বাপ নামব্রহ্ম করহ প্রচার ! কলিহত জনগনে করহ উদ্ধার।

#### প্রাস্থ বীশ্রচন্দ্র কুপা পাইয়া হৈতকা। কামুরাম গুনগায় নিজে মানি ধকা॥

এইভাবে কাঁদরাগ্রামে প্রভূ ধীরচন্দ্র সমীপে যতুচিতন্ত নামত্রক্ষ শিলালিপি প্রাপ্ত হন এবং শ্রীপাট জলুন্দীতে শ্রীরাধাবিনাদের মন্দির স্থাপন করেন। পরবর্তী কালে শ্রীযতুচিতন্ত সাকুরের চতুর্থ অধ্যস্তন শ্রীস্বরপর্চাদ সাকুর পুরুলিয়া দেশে বেগুনকোদর গ্রামে গিয়া বাস করেন। সেই সময় তিনি জলুন্দী পাট হইতে প্রভূ বীরচন্দ্র প্রদত্ত শ্রীনামত্রদ্ধা শিলালিপি লইয়া পুরুলিয়ায় আগমন করেন। অন্তাপি বেগুনকোদর গ্রামে শ্রীস্বরপ্রাদ সাকুরের চতুর্থ অধ্যন্তন শ্রীপ্রফুল্ল কমল সাকুরের গৃহে সেবিত হইতেছেন।



<u>জ্</u>রীনামন্ত্রনা

## स्रोगाउँ विवत्र

শীতলগ্রাম ঃ—শীতলগ্রাম বর্দ্ধমান জেলায় অবস্থিত। বর্দ্ধমান-কাটোয়া রেলপথে কৈচর প্রেশন হইতে এক মাইল উত্তর পূর্ব কোনে অবস্থিত। শ্রীধনজয় ঠাকুর শীতলগ্রামে উগ্রহ্মগ্রিয়গনকে প্রেমদান করিয়া শ্রীমন্মহা-প্রভূ ও শ্রীরাধাগোপীনাথের সেবাস্থাপন করেন এখানে ধনপ্রয়গোপালের ভাণ্ডসেবার জন্ম জীবনকৃষ্ণ, কমলকৃষ্ণ ও ভ্বনমোহন ব্রাহ্মনত্র্যকে দীক্ষা প্রেদানপূর্বক এই সেবা অর্পন করেন। বর্ত্তমানের সেবাইতগন তাঁদেরই বংশধর। উপাধি অধিকারী।

মতান্তরে শ্রীপাট শীতলগ্রামে শ্রীধনপ্রর পণ্ডিতের ভ্রাতা সপ্তর পণ্ডিতের বংশধরগন সেথানে সেবাইত। সোদপুর প্রভৃতি গ্রামে বাস করেন। তাঁরা ধনপ্রর পরিবার নামে খ্যাত। বন্দ্যোপাধ্যায়, চৌধুরী ও অধিকারী উপাধিতে মণ্ডিত।

জলুন্দী: প্রীপাট জলুন্দী বীরভূম জেলায় অবস্থিত। হাওড়া ষ্টেশন হইতে বর্দ্ধমান-বরাকরের মধ্যবর্তী খানা ষ্টেশন। খানা সাঁইথিয়া মধ্যবর্তী বোলপুর ষ্টেশন। তথা হইতে পালিতপুর রোড়গামী বাসে বন্ধ চক্র (বেংচাতরা) নামিয়া দেড় মাইল দূরে শ্রীপাট অবস্থিত। এখানে জ্রীরাধা বিনোদ ও প্রভূ নিত্যানন্দ প্রদক্ত নরসিংহ শিলামূর্ত্তি বিরাজমান। শ্রীপাট জলুন্দীর মন্দির সংলগ্র পদকর্তা শ্রীবিশ্বস্তব ঠাকুরের সিদ্ধস্থান ও বিনোদচ্য়া পুকুর। গ্রামের প্রান্তভাগে বিনোদডাঙ্গী। সেখানে প্রতিবং সর মাঘী পূর্ণিমাতে 'বিনোদ মেলা' নামে একটি উৎ সব অনুষ্ঠিত হয়।

শ্রীধনপ্রয় গোপালের বংশধরগন জলুন্দী ভিন্ন মূলুক, কুমড়ে, ভেদো, কমা, অবজলপুর, কাঁদরা, পুরুলিয়ার বেগুন কোদর প্রভৃতি স্থানে বাস করিতেছেন।

মূলুক:— শ্রীপাট মূলুক বীরভূম জেলার বোলপুর ষ্টেশনের সরিকটে অবস্থিত। এখানে ধনজ্বয় গোপালের পৌত্র শ্রীকান্ত্রাম ঠাকুরের শ্রীরাধা বল্লভ ও গৌরাঙ্গ সেবা বিভামান। শ্রীকান্ত্রামের শ্বৃত্তি উৎসব উপলক্ষ্যে গোপাষ্টমীতে মেলা হয়।

বেগুনকোদর: সুরুলিয়ায় অবস্থিত। শ্রীধনঞ্জয় গোপাল পুর শ্রীবত্ব চৈততা ঠাকুরের চতুর্থ অধ্যস্তন শ্রীধরূপ চাঁদ ঠাকুর পুরুলিয়ার গ্রামে বাস করেন। সেই সময় জলুন্দী পাট হইতে শ্রীবীরচন্দ্র প্রভু প্রদন্ত নামব্রহ্ম শিলালিপি লইয়া আসেন। অভাপি বেগুনকোদর গ্রামে শ্রীধরূপ চাঁদ ঠাকুরের অধ্যস্তন শ্রীনিমাই চাঁদ ঠাকুরের পুরে শ্রীপ্রফুল্লকমল ঠাকুরের গৃহে সেবিত হইতেছেন। এইস্থানে নামব্রহ্ম সেবিত হওয়ায় ইহা জলুন্দীপাটের শাখাপাটরূপে উল্লেখযোগ্য!

সাঁচড়া পাঁচড়া : সাঁচড়া পাঁচড়া বৰ্দ্ধমান জেলায় অবস্থিত। ব্যাণ্ডেল বৰ্দ্ধমান রেলপথে মেমারী ষ্টেশন। এখান হইতে তুই ক্রোশ সাত দেউলে তাজাপুর। তথা হইতে এক ক্রোশ সাঁচড়া পাঁচড়া গ্রাম।

তথাহি- পাট নির্ণয়ে-

সাঁচড়া পাঁচড়া করন্দা শীতল গ্রাম। ধনপ্রয় পণ্ডিতের সেবা অনেক বিধান॥

# শ্রীশ্বীধনজয় গোপাল চরিত ও শ্রীশ্রীশ্যাম চন্দ্রোদয়

—:এড়ারম্ভ:--

#### **अञ्**धतक्षय (शाशालाक्टेकर

পঙ্গ নিত্য রঙ্গ নিত্য দিত্য দ্রাব পালকং।
ভক্তি নিত্য গোপালস্থ নিত্য সেবাকারকং॥
ভক্তিপর শব্দ ধীর নিত্যভাব ভাবিতং।
ধনঞ্জয় পণ্ডিতেন কৃষ্ণপ্রেম দশিতং॥ ১

পূর্ব্ব দিব্যর্ক্ষপধারী নটবরবেশিনং।
গোধূলি ধূসর তন্ত্ব শিথিপুচ্ছধারিনং॥
কটিতটে পীতধটি বনমালা বেষ্টিতং।
ধনঞ্জয় পণ্ডিতেন কৃষ্ণপ্রেম দশিতং। ২

বর্ণোৎকর্ষ জ্ঞান জ্যেষ্ঠ শান্তোভাব দাসিনং। কীর্ত্তিমন্ত ধশোধর্ম বেদ ধর্ম পালকং। সংকৃলিজ ধর্ম কর্ম্ম ভক্তি ধর্মমান্থিতং। ধনপ্লয় পণ্ডিতেন কৃষ্ণপ্রেম দর্শিতং। ৩ সেবাধর্ম স্থাপনাদি গৌড়দেশ বিস্তারং।
দিব্যজ্ঞান প্রেমদান সর্ব্বজীব নিস্তারং॥
দর্শনে স্পূর্শনে কত নিজ ভাবনাস্থিতং।
ধনপ্রয় পণ্ডিতেন কৃষ্ণপ্রেম দর্শিতং॥ ৪

শাস্তাঙ্কুর ক্ষমাধীর সংকীর্ত্তন চেষ্টাতং। ভাবোদগম লোমহর্ষ সর্বব গানা পূর্ণিতং। নেত্রকান্তি জ্যোৎস্না শান্তি শান্তাম্বর বেষ্টিতং ধনপ্রয় পণ্ডিতেন কৃষ্ণপ্রেম দর্শিতং। ৫

চপ্পকাঙ্গ ভক্তসঙ্গ চন্দনাদি চর্চিচভং। তানগান শান্তিমন্ত শ্রীচৈততা রঙ্গভাবে মূর্চিছভং। শ্রীচৈততা কুপানিভং রাধাকৃষ্ণ ভাবিভং। ধনগ্রুর পণ্ডিতেন কৃষ্ণপ্রেম দর্শিভং। ৬

প্রেমমত্ত ভক্তিতত্ত্ব লোকশিক্ষা কারকং।
দয়াবাস গৃহিত্বান সর্ব্বজীব পালকং॥
নিজকীত্তি সর্ব্বস্যাদি প্রভুপাদে অপিতং।
ধনঞ্জর পণ্ডিতেন কৃষ্ণপ্রেম দশিতং॥ ৭

প্রভূপ্রিয় অতিরিক্ত পঞ্চমরস ধারনং।
রসপঞ্চ পাত্র ভাণ্ড করে ধরি ভ্রমিতং ।
শ্রীরন্দাবন আদি যত সর্ববতীর্থ ভ্রমিতং।
ধনপ্রয় পণ্ডিতেন কৃষ্ণপ্রেম দশিতং । ৮

ইতি — শ্রীষত্তৈত গ্রাকুর বিরচিত শ্রীষনঞ্জয়াষ্টকং

#### खोधवक्षय (भागा(लव क्रांत •

ন্তুদীর্ঘ নর্তকো মৌলী সুন্দর শ্রাম বিগ্রহ।
পূলক স্বেদ সংযুক্তং মালা চন্দন ভূষিতং ॥
রমনীনাং পরিধানং বস্থদামস্য প্রস্রুতিতাং।
ব্রজ্ঞলীলা প্রকাশান্তে নৌমি মদন স্থন্দরী॥
গৌরপদে সর্বতেজ বৈরাগ্য রসপুরক।
রপমার্গ সদামগ্র প্রেম ভাবেন ভাবিত॥
ধর্ম্ম কর্ম্ম যস্তা নাস্তি সদা বিগ্রহ সেবনং।
গ্রীধনপ্রয় পণ্ডিতেন হং নমামি সদা প্রভা।

( ত্রীপাট দলন্দীতে সংরক্ষিত হস্তলিপি হইতে প্রাপ্ত )

( ૱ )

ধনঞ্জয়ং বস্থদামং শ্যামলং পীতবসনং। দ্বিভূজং বেমুহস্তঞ্চ গোপবেশং ধরং ভজে।

\* শ্রীধনজয় গোপালের প্রনাম \*

হরিনামাকে সর্কাঙ্গ সদা তদ্ভাব পুরিত। ধনঞ্জয় বস্তুদাম গোপালায় নমো নমঃ।

#### ः बीवनक्षत्र शानात्वत्र मृहकः

আরে মোর পণ্ডিত ধনঞ্জয়। শ্রীপতি বিপ্রের হুড, কালিন্দীর গর্ভদ্রাত,

ভাতগ্রামে হইলা উদয়॥ অল্প বয়স হৈতে, কৃষণভক্তগন সাথে, পাকে কৃষ্ণকথা আলাপনে। অতুল ধনের পতি, পিতা তাঁর স্নেহ অতি, পুত্রধনে করয়ে পালনে। সুন্দরী জীহরিপ্রিয়া, নানা অলঙ্কার দিয়া, পুত্তে আনি করে সমর্পন। বিবিধ বিলাস জব্য, অগ্রেতে ধরয়ে নিত্য, ফিরাইতে তনয়ের মন।। পিভার সম্ভোষ লাগি, বিলাসীর প্রায় থাকি, কৃষ্ণভক্তি সাধে সঙ্গোপনে। শুনিয়া গৌরাঙ্গ গুন, প্রান হৈল উচাটন, বিকাইতে ও-রাঙ্গা চরনে॥ পিতামাতা অদর্শনে, প্রবল বৈরাগ্য মনে, ধন সম্পদ সব তেয়াগিলা। শ্রীগৌরাঙ্গ শ্রীচরনে, করি আত্ম সমর্পনে, প্রেনভাণ্ড গ্রহন করিলা। নিত্যানন্দে না হেরিয়া অতি উৎকৃষ্টিত হিয়া अञ्जिषित श्रेंजृत पर्नेति। পুৰ্বভাৰ প্ৰকাশিল ভন্মন সমৰ্পিল নানা কাকুতি মিনতি বচনে॥ কৃষ্ণদখা বস্থদাম পাই নিত্যানন্দ রাম নিশিদিশি সংকীর্ত্তনে মাজ। ফিরয়ে নিভাই সনে কি আনন্দ হৈল মনে ॥ ্ৰ ৰ্ণিবাৱে নাহিক শক্তি॥ . জ্রীগোরাক আজ্ঞামন্তে, গোড়ভূমি উন্ধারিতে, নিভ্যানন্দ পানিহাটী গ্রামে।

ধনপ্র আদি সদে, আসি তথা মহারঙ্গে, মত কৈলা স্থাবর জন্সমে॥ পাই নিত্যানন্দ রাম ধনপ্রয় গুনধাম প্রেমাবেশে নিমগ্র সদাই। আজ্ঞা লইয়া তাঁর প্রতি ভাসাইতে রাচ ক্ষিতি সংকীর্ত্তন প্রেমের বর্গায়। গ্রীউগ্র ক্ষত্রিয়গনে প্রেম দিলাবীহাই মনে বৰ্জমান শীওল গ্ৰামেতে। শ্রীগোরাঙ্গ গোপীনাথ সেবা স্থাপি অচিরাৎ আক্রিল সর্বন্ধন চিতে॥ সাঁচড়া পাঁচড়া গ্রামে উদ্ধারিতে জীবগনে প্রেমে মাতি বুলে সব ঠাই। বুন্দাবন আদি ভীর্থ ভ্রমিয়া আনন্দে কভ বাস কৈলা জীজলুন্দী গাঁয়॥ যতুচৈততা পুত্র ধনে মন্ত্র দিয়া করি ধতো নিভ্যানন্দ দত্ত শালগ্ৰাম। সেবা সমর্পন করি রাধাবিনোদ সেবহ বলি স্ব ইচ্ছায় হৈলা অন্তর্ধান। হা ! হা ! প্রভূ ধনঞ্জয় গৌরাঙ্গ প্রেমময় নিত্যানন্দ পার্ষদ প্রধান। কুঞ্চদাস অকিঞ্চনে উদ্ধারিয়া নিজ্ঞনে ভব জীচরনে দেহ স্থান।

\* শ্রীশ্রীরাধাবিনোদ সেবা প্রকাশ \*

অপূর্ব জলুন্দী গ্রাম দেখিতে স্থন্দর। রাধাবিনোদের দেবা অতি মনোহর॥ প্রভু ধনপ্রয় ঠাকুর ছিল নাম যাঁর। শীতল গ্রামেতে ভাগুসেবা তাঁর। শীতল গ্রামের লোক সেই ভাগু সেবে। জলুন্দীতে স্থাপেন বিনোদ নৃসিংহদেবে ॥ প্রভু নিত্যানন্দ শিলা নরসিংহদেবে। ধনপ্রয়ে সমর্পিলা দণ্ড মহোৎসবে। একদিন ধনপ্রয় আনন্দিত মনে। শ্রীযতুচৈতত্যে কহেন মধুর বচনে। শুন বাপ ষত্ৰটৈতন্ত বাছাধন। ভোমারে প্রভুর সেবা দিতে মোর মন। মন্ত দিয়া ধনজয় সেবা সমৰ্পিলা। মন্ত্র সেবা পাইয়া যতু কৃতার্থ মানিল। পূর্বভাব স্থারি যতু আনন্দিত মন। দিবানিশি কৃষ্ণনামে নাচে অনুক্ষন ॥ অন্ন ব্যঞ্জন সব পরিপার্টি করি। শ্ৰেমসহ বিধিমত দিৰসেতে সারি॥ সন্ধ্যাকালে বিনোদের আরতি বৈজিল। জলুন্দীর লোক সবে কৃতার্থ মানিল। অপূর্ব দর্শন রাধাবিনোদ যুগল। হেরিয়া ভক্তগন প্রেমেতে পোগল # সেবার বিধান কন প্রেমে পুলকিত। গৌর কৃষ্ণ বলি নাচে স্থমধুর গীত #

জয় জয় রাধাবিনোদ গায় ভক্তগ**ন**। कल्की इंडेल माकार नवतुम्मावन ॥ প্রভুর আদেশে সেবার বিধান করিল। প্রেমেতে করিবে সেবা পুত্রে জানাইল। চোদ্দপোয়া উষ্ট অন্ন মধ্যাক্ত কালেতে। সাধ্যমত ব্যাঞ্জনাদি পায়স করিবে। বৈকালে শীতল দিবে ভিজান কলাই। বারটি করিয়া খণ্ড সমর্পিবে তাই। নিশিকালে তুগ্ধসহ বারথও দিবে। विक्रिय भेषााय वित्नादम भयन कतादन ॥ প্রভাতে অর্চনা সারি ফলাদির ভোগ। চন্দন তুলসী দিবে মন্ত্রে মনযোগ। অতিথি সে বিবে সদা কায়বাক্য মনে। অতিথি সেবনে ভক্তি সভে সর্বজনে। কাঙ্গাল ভজের সেবা শুন বাছাধন। জলুন্দীতে বিনোদ সেবা গায় সর্বজন। পণ্ডিত ঠাকুরের আজ্ঞা পাইয়া চৈতন্স। কামুরাম গুন গার নিজে মানি ধরা।

ইতি – শ্রীধনঞ্জয় গোপালের পৌত্ত শ্রীরামকানাই ঠাকুর প্রণীত শ্রীপাট জলুন্দীর শ্রীরাধাবিনোদ সেবা প্রকট বর্ণন সমাপ্ত।

( ( শ্রীপাট জনুন্দী শ্রীপাটে রক্ষিত হস্তলিপি হইতে সংগৃহীত। )

# सीसी माम हत्सा हश

শ্রীশ্রামচন্দ্রের গ্রন্থানি শ্রীসুন্দরানন্দ গোপালের শিষ্য শ্রীপাট মঙ্গলভিছি বাসী শ্রীপানুয়া গোপালের বংশধর জগদানন্দের বিরচিত। শ্রীজগদানন্দের বিশেষ পরিচয় না পাওয়া গেলেও মঙ্গলভিহিবাসী শ্রীনয়নানন্দ ঠাকুরের বিরচিত শ্রীপ্রেয়োভক্তি রসার্গব গ্রন্থে নয়নানন্দের পরিচয় প্রসঙ্গে বর্ণন যথা—শ্রীপানুয়া গোপাল শিষ্য কাশীনাথের পাঁচ পুত্র— অনস্ত, কিশোর, হরি-চরন, লক্ষ্মন ও কানুরাম। কানুরামের পুত্র গোপাল চরনের তুই পুত্র গোকুলানন্দ ও নয়নানন্দ।

ত্বন্দরানন্দ গোপাল বিষয়ে কবি কর্ণপুর বিরচিত শ্রীগোরগনোদেশ দীপিকা গ্রন্থের ১২৭ গ্লোকের বর্ণন —

"পুরা স্থদাম নামাসীদদ্য ঠাকুর স্থন্দরঃ ॥" শ্রীপাট পর্য্যটন গ্রন্থের বর্ণন—

হলদা মহেশপুর স্থন্দরানন্দের বাস। স্থন্দরানন্দ পূর্বে স্থদাম জানিবা নিশ্চয়।

বংশী শিক্ষা গ্রন্থের বর্ণন— শ্রীস্থন্দরানন্দ বন্দ স্থদাম আখ্যান। হাঙ্গদা মহেশপুরে যার অবস্থান॥

শ্রীচৈততা চল্রোদয় গ্রন্থের দ্বিতীয় দর্শনের বর্ণন—
স্থদান স্বরূপে হয় শ্রীস্থলরানন্দ।
মহাঅনুভব রসে হয় ভবানন্দ॥
জান্ধিরের গাছ হইতে কদম্বের ফুল।
সুই কানে পরিয়া শ্রপ দেখাইলা নিস্তল॥

শ্রীকৃষণভক্তি রস কদস্ব প্রন্থের বর্ণনচাকুর স্থাদর পূর্বে স্থাদা গোপাল।
রামকৃষ্ণ প্রিয় সথা রঙ্গিয়া রাথাল।
এবেই শ্রীনিত্যানন্দ চৈতন্ত প্রিয় অভি।
কলিযুগে ভার নাম স্থান্ব থেয়াভি।

#### **प्रिको मामक्छ देवस्थव वन्मनाग्र**—

স্কারনন্দ ঠাকুর বন্দিব বড় আশে। ফুটাল কদস্ব ফুল জান্বিরের গাছে॥

এটিচভন্তগনোদ্দেশে গ্রীকৃঞ্দাস কবিরাভ গো**ষামীর বর্ণন** 

স্দাম বলিয়া যার পূবনাম ছিল। গঙ্গাপার মহিশপুর উদয় করিল॥ স্ব্নরানন্দ ঠাকুর এবে নাম হৈলা। কৃষ্ণনাম জীবে দিয়া কৃতার্থ করিলা।

শ্রীস্বদামের পরিচয় বিষয়ে শ্রীপাদ রূপ গোস্বামী বিরচিত লঘু শ্রীশ্রীরাধাকৃষ্ণ গনোদেশ দীপিকা গ্রন্থে ৪০-৪১ শ্লোকের বর্ণন—

ঈষদেগীর স্কামা চ দেহকান্তির্মনোহর।
নীলবস্ত্র পরিধানো রক্তাভরণভূষিতঃ ॥
পিতা চ মট্কুকো নাম রোচনা জননী ভবেং।
স্কুকিশোর বয়োবেশ্য ন নাকেলিরসোংকরঃ॥

স্দামের পিতা মট্ক, মাতা রোচনা, ঈষৎ গৌরবর্ণ, নীলবর্ণ বস্ত্র পরিধান, ভ্রাতা বিদয়া

পানুয়া গোপাল স্করানন্দ গোপালের শিষা — আলোচ্য গ্রন্থে তাঁর সম্পর্কে বিস্তারিত বিবরণ রহিয়াছে।

ভার বিষয়ে চল্রোদয় গ্রন্থের বর্ণন—

মন্দিরে বর্ততে বদ্য শ্যামস্নর বিগ্রহ:।
পর্ণ বিক্রয় অব্যেন পূজা যেন কৃতাপুরা।
ববনারং কৃতং পূজাং ব্যাত্তে মন্ত্রপ্রদায়কম্।
তংন্তা পর্নিগোপালং ক্রিয়তে পৃক্তকং ময়।

#### শ্রীপ্রেয়োভক্তি রসার্ণব গ্রন্থের ১০ পরিচ্ছেদের বর্ণন—

পানুষা গোপাল হন গোপালের গন ॥
ভাষার মহিমা খ্যান্ত আছে সর্বন্ধনে॥
ব্যান্থে হরিনাম মন্ত্র দিলা যে কাননে।
খোনকারের খানা অর কৈল পুষ্পময়॥
যাহাকে স্পর্শি চোরগন পথে অর হয়।

#### **জীকৃষ্ণভক্তি রসকদম্ব গ্রন্থের বর্ণন**—

ঠাকুর সুন্দর পূর্বে সুদাম গোপাল।
রামকৃষ্ণ প্রিয় সথা রক্তিয়া রাথাল।
এবেহ জ্রীনিত্যানন্দ চৈতক্র প্রিয় গ্রীন্সভি।
কলিযুগে তাঁর নাম সুন্দর থেয়াভি।
তাঁর প্রিয় পাত্র পর্নিগোপাল মহাশয়।
জগতে তাঁহার কীর্ত্তি ব্যাত্র শিষ্য হয়।
যবনের অয় যিহো পুল্পজাতি কৈল।
যাঁকে স্পর্শি চোরগন পথে অন্ধ হৈল।
পর্ণ বেচি কৃষ্ণসেবা করিয়া নিতি নিতি।
শিরঃস্পর্শ নয় বোঝা চলে উদ্ধগতি।
কৃষ্ণবলরাম যার বল প্রেমগুনে।
তাহার মহিমা গুন কে বর্ণিতে জানে।

ঞ্জীশ্যামচন্দ্রোদয় গ্রন্থে আত্ম পরিচয় প্রসঙ্গে তাঁহার বর্ণন —

ঠাকুর কহেন, আমার পিতার মনসূখ হয়।
উত্তম ব্রাহ্মন কুলেতে জনম পরম ওপদ্বী হন।
হস্তমানে চড়ি, রামচন্দ্র আসি বাবে দেন দরশন।
ঠাকুর স্কুদর মোরে কুপা করে ভাহার বিববণ গুন।
পুরুষা নামেতে একটি পুরুনি গ্রামের পুরেতে রন।

ভাহার ঘাটেতে কদম্ব ঘণ্ডিতে বৈসা সুন্দরানন্দ।
কুপাকরি প্রভূ সেখানে বসিয়া আমারে দিলেন মন্ত্র॥
সঙ্গেতে ভাহার অনেক বৈঞ্চব আসিয়া আমার ঘরে।
দাদশ দিবস করে মহোৎসব আমন্যা সকলে করে॥
আমার গৃহিনী লক্ষ্মীপ্রিয়া আর ভগিনী মাধবী নাম।
এই তুইজনে ঘরে রহি করে জ্রীকৃষ্ণ মন্থ প্রদান॥
ভের বৎসরেতে হঞা দোহার জ্রীকৃষ্ণ চরনে রতি॥

শ্রীকৃষ্ণ বিলাস গ্রন্থের রচয়িতা শ্রীগোপাল দাস স্ন্দরানন্দ গোপালের শিষ্য। এই গোপাল ও পানুয়া গোপাল এক কিনা বিচার্যা। শ্রীবিগ্রহ প্রাপ্তির আগে তাঁহার নাম শুধু গোপাল ছিল। শ্রীকৃষ্ণ বিলাসের ১ শ্লোক—

বন্দে শ্রীস্করানন্দং স্নিগ্ধ স্কুন্দর বিগ্রহম্। ব্রৈলোক্য নয়নানন্দং সানন্দং প্রেমদং গুরুং ॥ গ্রান্থং শ্রীকৃষ্ণ বিলাসাখাং প্রেমভাব প্রকাশকং। প্রোক্তং গোপাল দাসেন সহবৈঃ শ্রবনোৎ স্থান ॥

জ্রীকৃষ্ণ বিলাস গ্রন্থের সমাপ্তি কাল বিষয়ে বর্ণন—

প্রেমায়ত মহাসিদ্ধো তব্দুবি প্রকাশক:।
প্রোক্তঃ শ্রীকৃষ্ণ বিলাস কৃতী দীন গোপাল দাসক:।
শাকে জলনিধি শশভদান স্থাংশৌ প্রযন্ত বাহুল্যাদয়ং।
গ্রন্থ শ্রীকৃষ্ণ বিলাসে বিহিতঃ শ্রীমৎ গোপাল দাসেন।

১৫১৭ শকাব্দে औতৃষ্ণ বিলাস গ্রহখানি সমাপ্ত হয়।

## भ्रीसीन्याय हरसान्य

(
 জ্রীফুন্দরানন্দ গোপালের শিষ্য পানুয়া গোপালের বংশধর
 জ্রীজ্ঞগদানন্দ পণ্ডিত কর্তৃক বিরচিত।)

নারায়ণং নমস্কৃত্য নরকৈব নরোত্তমম্।
দেবীং সরস্বতীকৈব ততো জয়োমূদীরয়েৎ।
মন্দিরে বর্ততে ষদ্য শ্রামস্থন্দর বিগ্রহঃ।
পর্ব বিক্রয় জব্যেন পূজা যেন কৃতাপুরা।
ধবনারং কৃতং পুশ্পং ব্যান্তে মন্ত্র প্রদায়কম্।
তং নতা পর্ণিগোপালং ক্রিয়তে পৃত্তকং ময়া।

প্রথ জয় ভকতবং সল গ্রামন্টাদ।
প্রথব নন্দের গৃহে, বোঝাবাহিকরপে
এবে পিরীভে বহে পান। ১
তার বিবরণ শুন, সন্ন্যাসী একজন,
গ্রামন্টাদে মাথে করি ফিরে।
আসিয়া মঙ্গলভিহে, বৈসে পণ্ডিত গৃহে,
সেদিনে পণ্ডিত সেবা করে। ২
সেবা অবসরে বসি, বিজ কহে সন্ন্যাসী,
ভব পাশে প্রয়োজন আছে।
পণ্ডিত সন্ন্যাসীকে কহে, আছেন মঙ্গলভিহে,
গোপাল ডাকিয়া দিয়া কাছে। ৩
আসিয়া গোপাল তথনি, নমঃ নারায়ণ বলি,
সন্ন্যাসীর নিকটে বসিলা।
ক্রীকৃষ্ণ প্রসন্ন হন, দোহে প্রেম আলিঙ্কন,
গুইজনে মিত্রতা করিলা। ৪

भगामहात्म पृष्टि रय, पत्रमदन विश्वय, প্রণিপাত প্রনাম করয়। তদৰ্বধি রাজাপদ, লুক গোপালের চিত, নেতে জল বার বার বয়। ৫ ঠাকুর সন্যাসীকে কন, কোন দেশে পুর্বাশ্রম, কোন দেব কর উপদেশ। এ হেন মোহন মৃত্তি, তুমি বা পাইলা কতি कंश भारत नकन विस्मय ॥ ७ সন্মাসী গোপালে কন শুন মোর গৃহাশ্রম কহি শ্যামচান্দের প্রসঙ্গ i কহিতে কহিতে সন্যাসী কৃষ্ণপ্রেম সিদ্ধ ভাসি প্রেমধারা পুলকিত অঙ্গ। ৭ যজ্ঞেতে গ্রীদামচাঁদে ভায়া লাগি অন্ন মাগে অন্নদানে যজ্ঞপত্নীগনে। অন আনি করি হাতে যায় শ্রীদামের সাথে ंक्जनाक जंग नाहि मारने ॥ ৮ नव नव विकवध् अनमन म्थर्विध् টলমল গমন স্থঠাম। প্রেমধারা তুনয়নে প্রবেশহ সেই বনে যেথানেতে কৃষ্ণ বলরাম। ১

১) মঙ্গলডিহিঃ হাওড়া ষ্টেশন হইতে বৰ্দ্ধমান বরাকরের মধ্যবর্তী খানা ষ্টেশন। খানা সাঁইপিয়ার মধ্যবর্তী বোলপুর ষ্টেশন। তথা হইতে বোলপুর সিউড়িগামী বাদে পাড়ুই নামিয়া অক্ত বাদে বা রিক্সায় ৩-৪ মাইল দ্বে মঙ্গলডিহি অবস্থিত।

ব্দাসি দরশন পাই, দেখি নয়ন জ্ড়াই খেত শ্যামল তুই চানদ। নারীগনে কহে প্রভু, আর না ছাড়িবা কভু চরনে পরাণ কৈল দান॥ ১০

নব—, কর হুটি জ্বোড় করি দ্বিদ্বকুলে উজ্জ্বল বনিতা।

ষত মনস্তাপ ছিল, সকল দূরেতে গেল ু শুনি হরি মুখের বারতা 🛭 ১১

তদবধি কুলধর্ম, সেই উপাসনা কর্ম্ম গতি মতি শ্রীরামকানাই।

ৰছদিন গেলে কলি, সে মুনির বংশাবলী সবে ভারা কৃষ্ণ গুন গাই॥ ১২

ভার মধ্যে একজন, পরম ভকত হন পুর্বাপুর্ব কৃষ্ণলীলা **ভ**নি।

তথন না হল জন্ম, না দেখিসে সব কর্ম মনে কভ অধংক্ষেপ মানি॥ ১৩

এইত ষমুনা ভীরে, ধরাধরি করি করে সখা সঙ্গে কৃষ্ণ বলরাম।

রৌদ্রেতে ভাপিত হলে, নামিয়া শীতল ফলে অঞ্চলিতে করিতেন পান। ১৪

স্লিগ্ধ যমুনার ভীরে, নব নব দূর্ব্বাদলে করিতেন গোধন চারন।

সেই লীলা চিহ্ন দেখি প্রেমধারা তৃটি আঁখি পরে দ্বিজ হয়ে অচেতন ॥ ১৫

মোর পূর্ব্ব ঠাকুরানী দিয়াছিলা অন্ন আনি রামকৃষ্ণ করয় ভোজন।

সেইবংশে জনম মোর সেই ব্রজপুরে ঘর কেনে না পাইয়ে দরশন॥ ১৬ ষমুনা ক্ষের প্রিয়া, ইহার হইলে দ্য়া শ্রীকৃষ্ণের পাই দরশন। তা বুঝি যমুনা কুলে সভত ষতন লয়ে যমুনাকে পৃঞ্জয়ে ব্রাহ্মন । ১৭ হেদেগো ষমুনা মাতা তুমি দিবাকর সূতা শ্রীনন্দ হুতের প্রিয়তমা। কেমনে পুজিলে তাই হরি দরশন পাই शृर्व कत्र मस्तत्र वामना ॥ ১৮ ধূপ দীপ উপচার মধুপর্ক অর্ঘ্য আর স্থান্ধি চন্দন দিল জলে। নামাবিধ পুষ্পাঞ্জলি ত্ৰোতে বহি যায় চলি টলমল প্ৰন হিল্লোলে॥ ১৯ ভাহাতে যমুনা মাভা প্রসন্ন হইল সেধা यरिश्र प्रिया पिल मृर्खि धति । নানাজাতি অলম্বার বিচিত্র বেশর হায় রূপবভী পরম স্থানরী ॥ ২০ ঘাগর উড়নি শাড়ী ফ্রদয়ে কাচলি পরি নববয়া: ত্রছে বিহারিনী। ষমুনা কহয়ে দিল যে লাগি আমারে ভল কার্য্যসিদ্ধি করি দিব আমি॥ ২১ কিন্ত বিগ্ৰহ ৰূপে প্ৰভু দর্শন পাৰে এবে नष्ट लीलांद श्राहत । ব্রজের দ্বাদশ বন করহ পরিবটন

পাবে হরি শ্রীনন্দকুমার । ২২

মনে ভারে দিজবর, ত্রজে সেব্য গোপেশ্বর, এই আজা তেঁহ করা ছিল। তুই আজ্ঞা এক হৈল মনের সন্দেহ গেল প্রনিপাত সাষ্টাঙ্গে করিল॥ ২৩ বিদায় হইল বিপ্র গমন করিল শীঘ চৌরাশি ক্রোশেতে ব্রঞ্জে ফিরে ! ঝোর ঝকন কত প্রবৈশে সন্ধট পথ বশ্বস্থল ভাহার ভিতরে ॥ ২৪ স্থল অতি স্কশীতল নানাজাতি পুপাফল পল্লৰ কুত্বম আচ্ছাদন। একটি ভাহার মাঝে শ্যাম বিগ্রহ আছে ত্রিভঙ্গ ভঙ্গিমা স্থমোহন ॥ ২৫ বিগ্রহ স্থন্দর হন স্থমাধুরী স্থগঠন তনেছি ষমুনার মৃথে। বহু তুঃখ প্রভূ পায়া মনে উলসিও হয়া ঘরে শরা যায় দিজ স্থা। ২৬ হাড়িয়া সংসার সুখ করিয়া স্থসার বুঝ কাম্য বনে বাস কৈল। একাশি পুরুষ ধরি তারা সবে সেবা করি সকলে একিক পাইল। ২৭ व्यामि व्यवस्थित इरेग्राइनग्रामी বিদেশে ভ্রমিয়া ফিরি। পিতৃপুক্ষের সেবাটি আছিল ভাহাতো ছাড়িতে নারি ॥ ২৮ **कारल** शतिहयू पिन ষত সেবা উপাসনা ধর্ম।

ব্ৰজ্বাদী বিজ কুলেতে জনম এখন ভ্ৰমন ধৰ্ম। ২৯ সেই মোর পূর্ব ঠাকুরানী গনে ভজয়ে রামকানাই। সেই হৈতে মোর কুলের দেবতা রামকৃষ্ণ তুটি ভাই॥ ৩০ পূর্ব পরিচয় দিয়া সেইত সন্ন্যাধী কহে দাও পরিচয়। ঠাকুর কহেন আমার পিভার নাম মনস্থ হয় 🛭 ৩১ উত্তম বান্দান কুলেডে জনম পরম তপস্বী হন। হনুমানে চড়ি রামচন্দ্র আসি যারে দেন দরশন ॥ ৩২ ঠাকুর স্থন্দর মোরে কুপা করে ভাহার বিবরন গুন। পুরুয়া নামেতে একটি পুকরনী গ্রামের পূবেতে রন 🛊 ৩৩ ভাহার ঘাটেতে কদম্ব খণ্ডিতে বৈসা গ্রীস্থন্দরানন্দ। কুপা করি প্রভু সেখানে বসিয়া জামাকে দিলেন সম্ভ। ৩৪ সঙ্গেতে ভাহার অনেক বৈকাৰ আসিয়া<sup>:</sup> আমার ঘরে। ঘাদশ দিবস করে মহোৎসব আমাক্সা সকলে করে॥ ৩৫

আমার গৃহিনী লক্ষীপ্রিয়া আর ভগিনী মাধবী নাম। এই চুইজনে আমার ভবনে শ্রীকৃষ্ণ মন্ত্র প্রদান ॥ ৩৬ তের বংসরেতে হয়া দোহার শ্রীকৃষ্ণ চরনে মতি। সন্যাসী কহরে অল্ল বয়সে হইল এমন রীতি॥ ৩৭ ভাহাতে সন্ন্যাসী আশ্চর্যা লাগয়ে नवीना छूछि नाती। তবে শ্যামটাদে দিবস কয়েক হেপা রাখি ভীর্থ করি। ৩৮ যতন করিয়া সমর বুঝিয়া প্রভুন্ন দিবেক ভোগ কুঞ্চদেবা যোগ্য ইহারা উত্তম বটেন ডিনটি লোক। ৩৯ তা বৃষ্ণি সন্ন্যাসী গোপনে কহয়ে বচন রাথহ তুমি। চারি মাস লাগি সেবাটি যোগাহ নীলাচলে যাই আমি॥ ৪॰ ঠাকুর কছেন ভুপাস্ত বচন ় সন্মাসী সোঁপিল ভায়। হেন শ্যামচান্দ ভোর গোষ্ঠা বিনে সোঁপিয়া যাইব কায়। 85 পুনশ্চ সন্যাসী ্কহে মিভা মোর আর এক কথা শুন।

অভি যোগ্য যদি ভোমার বাড়ীডে কুষ্ণ সেবা নাছি কেন ॥ ৪২ ঠাকুর কহেন শুনহ সন্যাসী যে কারনে নাহি সেবা। পূর্বেতে আমারে ঠাকুর ফুন্দর যথনে করিলা কুপা॥ ৪৩ প্রভুর সাক্ষাতে কৃষ্ণ সেবার লাগি निरवनन केन यरव। তাতে প্রভূ মোরে করিলা বারন সেবা ঘরে বসি পাবে ॥ ৪৪ ঞ্ৰীগুৰু আজ্ঞাতে সেবা না ক্রিয়ে ত্তন হে সন্ন্যাসী মিতা। কত দিনে কুপা করি আসিবেন নেই প্রভু মোর কোণা ? 8৫ সন্মাসী তাহা গুনি মনে মনে গুনি কি জানি আমাকে ফলে। আমার কপালে আগুন লাগে বা ধীরি ধীরি ফিরি বলে॥ ৪৬ এ কথা শুনিয়া সেবা পরে দিয়া বিদেশেতে যাইতে নারি। এক একবার তীর্থ ঘাতা করি এক একবার ফিরি॥ 8৭ এখা বা আমি সেবা সম্পিল कि दिन अथन निव । শ্বকাষ্য লাগিয়া বন্ধুছ করিয়া কেমতে জবাব দিব 🔭 ৪৮

ঘুরিয়া ফিরিয়া আসিয়া সন্মাসী হেঁট মাথা করি থাকে। অবসর বৃঝি সুধীর ৰচনে ঠাকুর কহেন তাঁকে। ৪৯ শুন মিতা মোর সন্মানী গোঁদাঞি ফিরিয়া আইলা কেনে। সন্যাসী কহেন ভোমার কথাভে मत्निह इरेन मत्न॥ १० ভাহাতে ঠাকুর কহেন গুন ভ এ কথা মনে কি লাগে। যাগার দেবতা তাহারে ত্যঞ্জিয়া अत्मात्र निकटि थाक । ७३ একে সে এদেশ মংস্যগ্রাহী লোক উষ্ণায় 'সকলে খায়। ভাহাতে এ গ্রাম দিধি চন্ধ হীন স্থান দে কর্কশ প্রায়॥ ৫২ কি গুনে এখানে ভোমার শ্যামচান্দ আমার বশে রহিবে ? কিছু চিন্তা নাহি সন্মাসী গোসাঞি व्यामि भागमहात्म भारत ॥ ८७ বাক্যে তুষ্ট হয়া তখন সন্যাসী তীৰ্থ করিবানে বাম। पक्षिन **अ**विश्व आत शूर्व विकः ভ্রমন করিলা প্রায় ॥ ৫৪ নীলাচল গকা সাগর সক্ষ বানোয়া কুগুকে ফিরি।

জরস্তা ভবানী ত্রিপুরা কামাখ্যা मकल ज्यम कति॥ ৫৫ ठांति मान विल नजाानी यारेन বংসর বহিয়া গেল। वृत्रि भगमहान्म कुना देकन माद्र মনেতে উদয় হইল 🛚 ৫৬ এতদিনে চলে কোনৱপে সেবা আখের লাগিয়া ভাবে। পর্ণের ব্যাপার সদ্, স্ত:করন করিব নিশ্চিত ভাবে। ৫৭ গ্রামের নৈখতে পর্ণলভা গড়ি বাড়ুই আনিয়া সোঁপে 1: পনের দিবসে বরম্ব হৈইল দেখি সর্বলোক কাঁপে । ৫৮ সেই বরজের এক বোঝা করি পান নিভি নিভি লয়া। সেবার কারনে ঠাকুর গোপাল। विप्ततम (वटहन यात्रा ॥ ৫৯ সেইদিন হইতে পানুয়া গোপাল নামটি লোকেতে বলে 🕆 শ্যামচান্দ তার বোঝাটি বহেন তেঞি আলগোছে চলে ॥ ৬• পঞ্কোটে পথ পঁচিশ ক্রোশ সে নিতি যাতায়াত করেনিই 🐉 পান বিকি করি দশমশু মাঝে সেবা করে আসি খরে। ৬১

পান বেচা ধন বান্ধিতে দ্বিগুন পথে চত্ত'ন হয়। ঘরে আসি ধন হয় শতগুন লোকে ত আশ্চর্যা কয় ॥ ৬২ ভাহার গৃহিনী লক্ষীপ্রিয়া দেবী ভাবে দ্রব্য কত করে। দধি হ্গ্ন আদি বিবিধ মিষ্টান পরিপূর্ণ হয় সরে॥ ৬৩ প্রাতঃকালে ছানা সন্ধ্যায় শীতল সামগ্রী সময় ফল। শর্করা মিঠাই প্রান জ্ড়াইয়া কপুর বাসিত জল॥ ৬৪ কিঞ্চিৎ ভোগের বিলয় হইলে ः नन्त्रीविद्या ठाक्त्रानी। মোর শ্যামচান্দ কুধায় পীড়িত হেরমে মুখ্থানি। ৬৫ কখনো কখনো তাহারে অপনে भगामहान्य करह कथा। কাল সকালেতে ক্ষীর:খাওয়াইবে ্ শুন লক্ষীপ্রিয়া সাজা। ৬৬ যশোমতী যেন পালে নলগালে ে সেই লে এখানে দেখি। त्योगमीत त्यन व्यवन छेथान भारेता बीकुक सूधी। भी ্সেইরপে লুক্ষী আনন্দ করয়ে ুসময় ব্রুঝিয়া সেবা।

ঠাকুর যেমত ঠাকুরানী তেন তেঞি হোল দোঁহা কুপা॥ ৬৮ এইরুপে চারি বংসর সকলে প্রিয়পদ সেবে। অতীৰ আনন্দে অক্ৰুৱ স্বৰূপ সন্ন্যাসী আইল ওবে। ৬৯ তাহাকে দেখিয়া চমকিত হয়া অঙ্গ কাঁপে পুর পুর। সেবাকার্য্য যত হইল রহিত অবশ হইল কর। ৭০ কান্দরে পানুয়া তাহার ঘরনী ভগিনী মাধ্বী লতা। মঙ্গলডিহি হৈল হাহাকার গুনিয়া বিষম কথা ॥ ৭১ আরতি সময়ে আসিয়া সন্মাসী বসেন প্রভুর কাছে। বুঝিয়া তাহাতে ভাৰয়ে মনেতে দৌডাইয়া দেয় পাছে ॥ ৭২ ক্ষণেক বিলম্বে কিছু স্থির হয়৷ পানুয়া সন্ন্যাসীকে কয়। আজি কোপা হইতে আইলা মিতা মোর ভাল ছিলে মহাশয় । ৭৩ ক্ষে ভ সন্মাসী আমি ভ বিদেশী আমারে জিজাস কি ? ৰাড়ী প্ৰবেশিতে তুনি হাহাকার ভাবেতে বুরিয়াছি ৷ ৭৪

ক্রোধেন্ডে সন্ন্যাসী তন্তু গরগর ঘন ফিরে হুটি আঁখি ঠাকুর পানুয়া স্তব করে কভ দেখিয়া তাহা না দেখি॥ ৭৫ কভ উপরোধে জলপান করে সে রাজি শুভিয়া রয়। প্রভাতে উঠিয়া মিতা মিতা বলি সন্যাসী ভাকিয়া কর। ৭৬ ভোমাতে আমাতে এই ভ' বিদায় শ্যামচান্দে যাছি লয়া। গুনিয়া পানুয়া কান্দিয়া নিকটে वारेमा -- ॥ ११ হইয়া কাতর জোড় করি কর ধীরে ধীরে কিছ কন। মোর সেব্য নন তোমার বটেন यपि छन निर्वतन ॥ १৮ দিবস কয়েক রাখ শ্যামচান্দে থাকহ করুনা করি। ষতদিন দেখি ততদিন বাঁচি আজু বেলা হৈল মরি । ৭৯ তাহাতে সন্মাসী অতি কুইভায়ী निर्देव वहन वटन । কোন ব্যবহার এইত বিচার কাড়িয়া লইবে ছলে। ৮০ নন্দের মন্দিরে প্রানাধিক করি ধশোদা পালন করে।

লোক ব্যবহারে প্রকট লীলাতে পশ্চাতে রাখিতে নারে ॥ ৮১ পরের বিগ্রহ আপন বলিয়া কেমতে রাখিতে চাহ। তেঞি বলেছিলে শীঘ্র করি মিতা তীর্থ করিবারে যাহ॥ ৮২ निर्वृत मह्यामी पद्मा नाहि बामी শ্যামচান্দে মাথে করি। তা দেখি ঠাকুর পামুয়া তখন তরু আছাড়িয় পড়ি॥ ৮৩ नन्त्री थिया ठीक्तानी मन्त्रामीत চরনে পড়িয়া থাকে। হরি যায় মধু পুরে যেন গোপী: পড়েন রথের চাকে ॥ ৮৪ অুত চলে করি দশুবারি কমভুল সেই শ্যামচান্দে মাথায় করিয়া। ঠাকুর পাতুয়া তার পশ্চাৎ কাঁদিয়া ধান তবু স্গ্রাসী না দেখে ফিরিয়া । ৮৫ শুন এক নিবেদন দাঁড়াহ রে একক্ষন আর একবার শ্যামে দেখি। সল্লাসী দুরেতে গেল দরশন নাহি পান মাঠে যায়া ভূমে পড়ি থাকে। ৮৬ निश्वी श्रियात प्रतन किवानिनि नाहि कारन পড়িয়া কান্দয়ে সেই মাঠে। ষতেক গ্রামের লোক পড়ি কান্দে করি শোক কেহ কেহ প্রবোধে নিকটে। ৮৭

বুদ্ধ বালক যত কান্দে কুলবধূ কত সন্যাসীতে লয়া গেল প্রান। শামরা গ্রামের লোক এত যদি পাল শোক ইহারা কতেক শোক পান। ৮৮ কান্দে লন্দ্রী ঠাকুরানী কে মতে বাঁচে পরানী না হইল প্রানের ধারন। যেমতে অক্রুর আদি মোর দেই সগ্নাসী। প্রান লয়া করেন গমন॥ ৮৯ কোপা মোর শ্যামচান্দ দেখা দিয়া রাখ প্রান পানুয়ার গোষ্ঠীসহ কান্দে। না দেথিয়া ছিলাম ভাল দেথিয়া পরান গেল. এত তঃখ দিলে শ্যামচান্দে॥ ৯° এই মতে শোক করি মাঠেতে আছেন পড়ি গ্রামি লোক ধরি আনে ঘরে। শ্যামশোকে অনুরাগী আঙ্গিনাতে পড়ে থাকি সবে ভারা উপবাস করে ॥ ১১ স্ম্যাসীর মাথে চড়ি স্যামচান্দ হৈলা ভারি সগ্নাসী বলে চলিতে না পারি। দধি হুগ্ধ হুতে ভুষ্ট বুঝি হৈলা ধাতু ইপুষ্ট ভেঞি আমি চালাইতে নারি ৷ ১২ মনেতে করি অনুমান বহুদূরে নাহি যান তুই ক্রোশ পথ মধ্যে রয়। "द्राप पृष्ठ महाामी आमि आहि छेलवामी" শ্যামচান্দ স্বপনেতে কয়। ১৩ "তাহারা আমার লাগি, শোকে অন্ন-জল ত্যাগী৷ সবে তারা উপবাসী আছে।

ভাহার লাগিয়া মোর ব্যাকুল হয় অন্তর শীঘ্র লঞা দেগা তার কাছে॥ ১৪ এই দেখ প্রেমডোরে বন্ধন ত্ইটি করে চলিতে না পারি এক পা।" এ কথা শুনিয়া সন্মাসী মনে অভি তৃঃখ ৰাসী ত্রাসেতে কাঁপয়ে ভার গা। ১৫ এইব্রপে তিনবার স্বপ্ন দেখে চমৎকার উঠি উঠি সন্মানী করে জপ। পশ্চাত ৰুঝিল ভাহে স্বপ্ন ভৌত্তিক নহে তখন — ভব্ ৷ ১৬ এই অপুরাধ দেখি পর ঘরে প্রভু রাখি গিয়াছিলাম তীর্থ করিবারে। খেচ্ছাময় বট ভূমি ৰ্ঝিতে না পারি আমি চল প্রভূ পানুয়ার ঘরে ॥ ১৭ শ্যায়চান্দ করি মাধে মঙ্গলডিহির পথে . मधाभी मि शैद्ध भीदत यात्र । পানুয়া অঙ্গনে পড়ি দেখিয়া দরাল হরি স্থপনেতে ধরিয়া উঠায় । ১৮ আমি ৰাছি ঘরে ফিরি তুমি আইস আগুসরি গ্রামের ঈশান পাশ পথে। পून क भून क इ वह सद्ध मिला। नव ্ লাগ পাবে পথেতে আসিতে ॥ ১১ ভারপর লক্ষীপ্রৈয়া ভূমিওলে ছিল শুইয়া স্বাহনতে তারে কয় কথা। বালক ব্ৰুপেতে গলে ধরিয়া বসিয়া কোলে খাইতে দেগো লক্ষীপ্রিয়া মাভা। ১০০

ধরি রাখে সন্নাসী আছি আমি উপবাসী তমি মোর তত্ত্ব না করিলে। পানুয়া অর্জিত ধন তার হস্তের রন্ধন তা বিনে উপাসী আছি বলে। ১০১ ফিরিয়া আসিছি আমি সামগ্রী করহ তুমি রোপালে পাঠাহ মোরে নিতে ! নিজা ভাঙ্গিলে দোঁহে নিজ নিজ স্বপ্ন কহে কাঁদি পড়ে কহিতে কহিতে। ১০২ কহে লক্ষ্মী ঠাকুৱানী আনিবারে বাহ তুমি সকালে ঠাকুর মহাশয়। পূর্ণ কলস করি লক্ষীপ্রিয়া বামে ধরি পারুয়ার শুভ যাত্রা হয় ॥ ১০৩ অল্ল জ্যোৎসা রাজি আছে ধাইয়া শুগাল কাছে বামে গেল দক্ষিনেতে গাই । অক্ষেক পুথেতে ঘাইতে সেই সন্যাসীর মাথে শ্যামচান্দে দরশন পাই॥ ১•৪ সন্ন্যাসী কহে নিজ কথা স্বপনে দেখিছি সেধা ডেঞি আমি আসিল ফিরিয়া। পামুরা গোপাল কন . মোরে সেই স্বগ্ন হন আইলাম তুরিতে ধাইয়া। ১০৫ সন্ন্যাসী স্তব ক্রুবে কত তুমি মিভা ভাগ্যবস্ত ্ যাইয়া,আনন্দে কর সেবা যত। গ্রামের নিকটে আইল লোক গুনিবারে পাইল বৃদ্ধ যুবা বাল্ক ধায় কড ॥ ১০৬ কেহো তত্ত দিতে ধায় বরে লক্ষীপ্রিয়া মায়

তোর শ্যামচান্দ আইল ফিরি।

শুনি কত উলসিত তুরু হয় পুলকিত মঙ্গল সামগ্রী সম্ভার করি ॥ ১০৭

পালে দূর্বা ধান্ত কড়ি গো-হতে প্রদীপ ভরি চৌদিকে বেড়িয়া ফুল ফল।

গ্রামবাসী ষত নারী লক্ষ্মীপ্রিয়া দেবী বেড়ি কারো কক্ষে কলম জল ॥ ১০৮

রামচন্দ্র বনবাসে ফিরিয়া অযোধ্যা আইসে কৌশল্যা আনিতে যেন যান।

তেমতি সে লক্ষীপ্রিয়া আনন্দ পাধার হিয়া কতদূরে মোর শ্যামচান্দ ॥ ১১৯

দ্রে সেই গ্রামকৃলে স্থুমকল হুলাহুলি
শ্যামচান্দ পানুয়ার মাথে।

পাছেতে সন্মাসী যায় কারো পানে নাহি চায় হেঁট মাথা কান্দিতে কান্দিতে । ১১°

চাঙ্গী বনমালা নাচে শিঙা বেরু শব্দ বাসে কাংস করতাল মুদক।

মঞ্ল চামর করে ছিত্রক মস্তক ধরে আড়ানিতে আচ্ছানয়ে অক । ১১১

লক্ষ্মী দেয় জলধারা ্র্রামের ত্রীলোক ভারা সভে মেলি দেয়ত হলভি।

গালে দিয়া দুবা ধান ছড়াইয়া পুস্পবান সন্দেশ মিষ্টান্ন নাঞাতি। ১১২

রামচন্দ্র পাটে বসি অযোধ্যা নগরে আসি তম্ভি বসিলা শ্যামচান্দ।

ডাকিয়া সধৰা যড তৈল হরিছা কভ দিয়া নালা চন্দন প্রাগঃ ১১৩

শ্যামচান্দ আ্গাঘরে মহামহোৎসৰ করে গোপাল পানুয়া মহাশয়। কড ক্ষীর প্রমার্গ বিবিধ ব্যঞ্জন অর ठाकूतानी तक्षन कत्रय । ১১৪ ষত করে রন্ধন বাড়য়ে সহস্র গুন ভরকারী তুই চারি শাক। কড জাতি রাম্বে স্প চাঁছি ভরি হতে পুপ নারিকেলে ভরে পিঠা পাক। ১১৫ স্থান্ধিত ভিন চারি ঝাল ব্যঞ্জন করি বৃদ্ভি দিয়া মুকুলের কোড়া। করিয়া বার্তাকুচাকী আটা মাখি ঘৃতে ছাকি পানিফল রম্ভা চাকা বড়া॥ ১১৬ আম ভিজায়া হুখে সর্করা কয়েক তাথে আমচুর ডেওটি অম্বল। ভোগ সূজা করি লক্ষ্মী প্রভুর সাক্ষাতে রাখি थरत थरत राक्षन मकन ॥ ১১৭ শ্যামচান্দে ভোগ দিয়া কভ লোকে খাওয়াইয়া मःकीर्यन मण्यून कहरा। পান্থরা আনন্দ করি ছড়ায়ে হরিলা দধি চ্ছুদিকে হরিধ্বনি হয় ॥ ১১৮ তাহা দেখি সন্মাসী সনেতে বিকায় বাসী পানুয়াকে ধন্ত ধক্ত বলি । ধক্ত তোর পিতৃগন - ধার ক্লে জন্ম হন ধর্ম মাতৃকুলের সক্লি॥ ১১৯ ধন্ত এই দেশপতি যার দেশে তোর স্থিতি ধক্ত ভোর বস্তি ধর্ণী।

ধক্ত সে:গোপাল নাম. যার প্রেমে বন্দি শ্যাম লক্ষীপ্রিয়া যাহার: चরনী।। ১২ ॰

নিজ তনু: ধনজন শ্রীচরকো সমর্পন ... করিয়া পানুয়া তুমি ধক্ম ।

শ্যামচান্দ থার গৃহে আপনি আসিয়া রহে তুমিত ভকত অগ্রগন্য: ৷ ১২১

আমি নরাধম বটি আমার হইল ক্রটি শ্যামঙালা ছাড়িলেন মোরে।

যে একাশি পুরুষের হেন শ্যামচান্দ মোর নিজে আনি দিল পর মরে॥ ১২২

वृषाक्षणामात्र क्या वृषाक्षणामा धर्मा वृषा भारत अन्य अवस्थ

পূর্বাপর মোর ঘরে যে প্রভূ বিরাজ করে বেঅকভ এতদিনে হন ॥ ১২৩

সকল তপস্যা বৃথা বৃথাই মৃ**ণ্ডন মাণা** কান্দিয়া কান্দিয়া সন্মাসী কয়।

সেই প্রাস্কু-দেব হরি আমার মন্তকে চড়ি । আসিয়া পরের হরে রয় । ১২৪-

বিদায় হঞা সেধা শ্যামচান্দ আছে যধা-সম্মুখেতে দাঁড়ায় সন্নাসী।

গুলায় বসন দিয়া শুগামচান্দ পানে চায়া প্রেমবাদল আঁথে ভাসি ৷ ১২৫

বারে তুমি ভালবাস তাহার পরান নাশ গোপীগন তাহাতে প্রমান।

মুরলীর রন্ত্রগানে বিষম কুহুম বানে দুরে থাকি বধহ পরান ॥ ১২৬

একে সে অবলা নারী যতনে পিরিতি করি
বিনি দোষে ভাহারে ভেজিলে।

যদি বা মথুরা গেলে প্রকটেতে নাহি আইলে
ভাহারে পাথারে ভাসাইলে॥ ১২৭
নন্দ ঘোষ যশোমতী অভি স্লেহে ভোর প্রতি
প্রানের অধিক বট ভার।
সেই সব স্লেহ ছাড়ি গেলে তুমি মধুপুরী
বুন্দাবন করি অস্ককার॥ ১২৮
স্থগ্রীবে মৈত্রভা কৈলে বিনা দোষে বালি বধিলে
সেই বালি ছিল ড' ভকত।
কহাইয়া মিধ্যা কথা জোনাচার্য্যের মাধা
কাটাইয়াছ জগৎ রিখ্যাত॥ ১২৯

-: স্মাপ্ত :--

#### थकाभिक एरेबारक-

শ্রীস্থলরানন্দ গোপালের শিষ্য শ্রীপাট মঙ্গলডিছিবাসী পানুয়া গোপালের শিষ্য কাশীনাথের পূত্র কান্ত্রামের পূত্র গোপাল চরনের পূত্র নয়নানন্দের বিরচিত—

# "শ্লীশ্লীপ্লেয়োভণ্টি রসাপ্ব"

ইছা সখ্য ভাবাশ্রমী সাধকগনের লীলা স্বরণের বিশেষ সহায়ক গ্রন্থ। সধ্র রসাশ্রমী সাধকগনেরও সহায়ক হবে।

### বৈষ্ণৰ রিসার্চ ইনস্টিটিউট হইতে শ্রীকিশোরী দাস বাবাজী কর্তৃক সম্পাদিত গবেষণামূলক ও অপ্রকাশিত প্রাচীন বৈষ্ণব গ্রন্থাবলী

শ্রীচৈতন্যডোবা পোঃ হালিসহর, উঃ ২৪ পরগনা, ফোন ঃ ২৫৮৫০৭৭৫ ১। শ্রীটৈতন্যভোবা মাহাত্ম্য—দশ টাকা (শ্রীমাধবেন্দ্রপুরীর জীবনীসহ) । জগদ্গুরুর শ্রীপাদ ঈশ্বরপুরীর মহিমামৃত — (শ্রীপাদ ঈশ্বরপুরীর জীবনী) পঁচিশ টাকা ৩। গৌড়ীয় বৈষ্ণব লেখক পরিচয়—(১০৮জন লেখক পরিচিতি দশ টাকা ৪। গৌড়ীয় বৈষ্ণব তীর্থ পর্য্যটন — পঁচাশী টাকা ৫। গৌর ভক্তামৃত লহরী (পঞ্চশতাধিক গৌরাঙ্গ পরিবারগণের জীবনী দশ খন্ডএকত্রে-<u>-দুইশত ষাটটাকা ৬। শ্রীরাধাকৃষ্ণ গৌরাঙ্গ গণোদ্দেশাবলী (শ্রী রাধাগোবিদের</u> পার্ষদ পরিচয় ও গৌরাঙ্গ পার্ষদবর্গের পূর্বাবতার বিষয়ক গ্রন্থাবলী) (ত্রিশ টাকা) ৭। গৌরাঙ্গের ভক্তিধর্ম ও চৈতন্য কারিকায় রূপ কবিরাজ (শ্রীগৌরাঙ্গের উপদেশ ও শ্রীরূপ কবিরাজের ভাবাদর্শ)—পঁচিশ টাকা ৮। নিত্যানন্দ চরিতামৃত — ত্রিশ টাকা ৯। নিত্যানন্দ বংশ বিস্তার—কুড়ি টাকা ১০। সীতাদ্বৈত তত্ত্ব নিরূপণ (অদৈত প্রভুর পূর্বাবতার বিষয়ক প্রাচীন গ্রন্থ)—দশ টাকা ১১। ব্রজমভল পরিচয়—কৃতি টাকা ১২। অভিরাম লীলামৃত—ত্রিশ টাকা ১৩। সখ্যভাবের অস্টকালীন লীলা স্মারণ—দশ টাকা। ১৪। সাধক স্মারণ (অস্টক প্রণাম সন্ধ্যারতি ভোগারতি প্রভৃতি) কুড়ি টাকা। ১৫। গৌড়ীয় বৈষ্ণবশাস্ত্র পরিচয়—দশ টাকা ১৬। নিত্যভজন পদ্ধতি (বৈষ্ণবীয় পূজা পদ্ধতি, অস্টক প্রণাম, ভোগারতি, 🦃 সন্ধারতি, ও অধিবাসাদি কীর্ত্তণ)—আশী টাকা ১৭। পানিহাটীর দভোৎসব— 🦿 পনের টাকা। ১৮। বিশুদ্ধ মন্ত্র স্মরণ পদ্ধতি—কুড়ি টাকা। ১৯। ধনঞ্জয় গোপাল চরিত ও শ্যাম চন্দ্রোদয় (ধনঞ্জয় গোপাল ও পানুয়া গোপালের মহিমা) পাঁচ টাকা। ২০। অন্তকালীন লীলা স্মরণ–দশ টাকা। ২১। সৌরাঙ্গ লীলা মাধুরী (গৌরাঙ্গ তত্ত্ববিষয়ক গুরুত্বপূর্ণ গ্রন্থ)—কড়ি টাকা। ২২। অনুরাগবল্লী— (শ্রীনিবাসাচার্য্য মহিমা)–সাত টাকা। ২৩। গৌরাঙ্গ অবতার রহস্য (শ্রীকৃঞ্জের ণৌরাঙ্গরূপ ধারণের বৈচিত্রময় রহস্যাদি)—কুড়ি টাকা। ২৪। শ্যামানন্দ প্রকাশ-পিচিশ টাকা ২৫। সপার্ষদ গৌরাঙ্গলীলা রহস্য —আশি টাকা। ২৬। প্রার্থণা ও প্রেমভক্তি চন্দ্রিকা –পনের টাকা। ২৭। নিতাই অদ্বৈত পদমাধুরী (প্রভু নিত্যানন্দ

#### শ্রীপাদ ঈশ্বরপুরী

অপ্রকাশিত ও দুঃপ্প্রাপ্য বৈষ্ণব শাস্ত্র প্রচারমূলক পত্রিকাটি ত্রেমাসি ভাবে আজ টৌত্রিশ বৎসর যাবৎ প্রভূত অপ্রকাশিত বৈষ্ণব শাস্ত্র গবেষণামূলক তথ্যাদি পরিবেশিত ইইয়া আসিতেছে। আপনি বাহি চাঁদা কুড়ি টাকা বা আজীবন সদস্যবাবদ এককালীন দুইশত টা পাঠিয়ে গ্রাহক ইউন। প্রাচীন বৈষ্ণব শাস্ত্র প্রচারের সহায়ক ইউন।

### বৈষ্ণব পদাবলী সাহিত্য সংগ্ৰহ কোষ

এই ত্রৈমাসিক পত্রিকায় প্রাচীন পদাবলী ধারাবাহিকভাবে চৌদ্দ বৎসর যাবৎ প্রকাশিত হইতেছে। বার্ষিক চাঁদা কুড়ি টাকা বা আজীবন সদস্যবাব এককালীন দুইশত টাকা পাঠিয়ে গ্রাহক হউন।

योगायाग :-

শ্রীকিশোরী দাস বাবাজী, শ্রীচৈতন্যডোবা, পোঃ হালিসহর, উঃ ২৪ পরগ ফোন নং ঃ ২৫৮৫ ০৭৭৫



# শ্রীপাদ ঈশ্বর পুরীর শ্রীপাট দর্শনে আসুন



শ্রীপাদ ঈশ্বর পুরীর শ্রীপাট ও কুমারহট্ট বাসাঙ্গন



কুমারহট শ্রীবাস ভবনে গৌরাঙ্গের আগমন লীলা

**পথ निर्फ्य ३-**

শিয়ালদহ / রানাঘাট রেলপথে নৈহাটী অথবা কাঁচড়াপাড়া স্টেশন নামিয়া ৮৫নং বাসযোগে হালিশহর 'খ্রীচৈতন্য ডোবা "স্টপেজ নামিলেই খ্রীমন্দির।

বাসে শিয়ালদহ / শ্যামবাজার / বারাকপুর ইইতে ৮৫নং বাসরুটে এখানে আসা যায়।